Bangladesh Moktijoddha Shangsad Australia
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়া
697,Elizabeth Street Waterloo NSW 2017. phone: 93194980.98972345

## বাংলাদেশেব স্বাধীনতা দিবসের ৩৭ তম বর্ষে আমাদের শুভেচ্ছা ।

স্বাধীনতা আন্দোলনের চুড়ান্ত পর্বে ১৯৭১ সালের ২৫শে মার্চের গভীর রাত ০ সময়ে পকিস্তানি বাহিনীর ‘‘অপারেশন সার্চলাইট ’’নামে বাঙালী নিধন হত্যাযজ্ঞে ঢাকা সহ বিভিন্ন শহরে এক যুগে আক্রমন শুরু করে । আক্রমনের শব্দ সংবাদ পাওয়ার সাথে সাথে ২৬শে মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের স্বাধিনতাঘোষনার মধ্যেদিয়ে কবর রচিত হয় পাকিস্তান রাষ্ট্রের।আজ আমাদের রণাঙ্গনে শহীদ দের সাথে ৩০লক্ষ শহীদের ,ও প্রায় ৫লক্ষ ধর্ষিতা মা বোনদের সর্বোচ্চ ত্যাগে অর্জিত ,বাংলাদেশেব স্বাধীনতা দিবসের ৩৭ তম বর্ষে অষ্ট্রেলিয়া ওবিশ্বের সকল বাংলাদেশী জনগণের প্রতি আমাদের শুভেচ্ছা।১৯৭১ সালে ৯ মাসের এক রক্তক্ষয়ী যুদ্ধে আমরা পকিস্তানী বর্বর বাহিনীকে পরাজিত করেছিলাম । এবং ৭১ সালের সালের ১৬ই ডিসেম্বর পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পনের মধ্যেদিয়ে আমাদের এই স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠা করেছিলাম।কিন্তু আমাদের দেশের কিছু বিশ্বাসঘাতক চক্র ,বিদেশী শক্রর সহায়তায় আমাদের স্বাধীনতাকে সুসংহত হতে দিচ্ছেনা। ১৯৭৪ সালে সৌদিআরবে বসে যারা পূর্ব পাকিস্তান পুনরুদ্ধার কমিটি করেছিল তাদের ভয়ে আমাদের রাষ্ট্রীয় সরকার ভীত।যুদ্ধকরে যারা এই স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠা করেছিল, রাষ্ট্রের সার্বভৌমত্ব সুসংহত করতে ও দেশীয় বিশ্বাস ঘাতক যুদ্ধাপরাধিদের বিচারর দাবি নিয়ে সেই বীর সেনানিরা আজ রাজপথে । আসুন দেশপ্রেমেরচেতনায় র্সাবভৌমত্ব সুসংহত করতে ,ও অসমাপ্ত সেই যুদ্ধে বীর সেনাদের দাবিকে শক্তিশালী করি ।

সভাপতি — সাধারন সম্পাদক

মিজানুর রহমান তরুণ — হারুন রশীদ আজাদ